

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাননীয় মন্ত্রীর দপ্তর
রেলপথ মন্ত্রণালয়

ঢাকা, ২৯ জানুয়ারী ২০১৫

রেলপথ মন্ত্রী মোঃ মুজিবুল হক এমপি বলেছেন, শিক্ষার পাশাপাশি ছাত্র-ছাত্রীদের খেলাধুলা ও শরীর চর্চার মাধ্যমে নিজেকে গড়ে তুলতে হবে। শিক্ষার্থীরা দেশ জাতির ভবিষ্যত উল্লেখ করে মন্ত্রী বলেন, এদেরকে সঠিকভাবে গড়ে তুলতে পারলে দেশ এগিয়ে যাবে।

মন্ত্রী আজ শাহজাহানপুর রেলওয়ে উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানের বক্তব্যে এ সব কথা বলেন। এ উচ্চ বিদ্যালয়ের ফলাফল ভাল করায় মন্ত্রী সন্তোষ প্রকাশ করেন। এলাকার শিক্ষার্থীদের জন্য একটি ভাল স্কুল হিসেবে তৈরী করার জন্য তিনি শিক্ষক সহ সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান।

এসময় প্রধান অতিথির বক্তব্যে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী রাশেদ খান মেনন বলেন, যারা দেশের মানুষকে পুড়িয়ে হত্যায় নেমেছে তাদের বিরুদ্ধে সকল কে সজাগ থাকতে হবে। রেলখাত নিয়ে তিনি বলেন, বর্তমান সরকার রেলকে অধিক গুরুত্ব দিয়েছে। রেলের মাধ্যমে জনগনকে অধিক সেবা দেয়ার সুযোগ রয়েছে। তার নির্বাচনী এলাকায় অবস্থিত শাহজাহানপুর রেলওয়ে বিদ্যালয়ের উন্নয়নের জন্য সবকিছু করবেন বলে তিনি এ সময় আশ্বাস দেন।

পরে কৃতি শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করেন রেলপথ মন্ত্রী মোঃ মুজিবুল হক ও বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী রাশেদ খান মেনন এমপি।

এ অনুষ্ঠানে বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক মোঃ আমজাদ হোসেন সহ বিভাগীয় পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মোঃ শরিফুল আলম
সিনিয়র তথ্য অফিসার
রেলপথ মন্ত্রণালয়
০১৭১১-৬৯১০৫৩